

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
সায়রাত-১ অধিশাখা
www.minland.gov.bd

স্মারক নম্বর-৩১.০০.০০০০.০০০.০৫০.৬৮.০০১১.২৬.৩০৬

তারিখ: ২৩ বৈশাখ ১৪৩৩
০৬ মে ২০২৬

বিষয়: উন্নয়ন প্রকল্পের আওতায় ১৪৩৩-১৪৩৮ বঙ্গাব্দ মেয়াদে কুষ্টিয়া জেলার জলমহাল ইজারা প্রদানের বিষয়ে প্রেরিত প্রতিবেদনসমূহ পুনরায় যাচাই-বাছাইকরণ।

সূত্র: গত ২২ এপ্রিল ২০২৬ তারিখে অনুষ্ঠিত সরকারি জলমহাল ইজারা প্রদান সংক্রান্ত কমিটির ৯০(নব্বই)তম সভার সিদ্ধান্ত।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকারি জলমহাল ইজারা প্রদান সংক্রান্ত কমিটির ৯০(নব্বই)তম সভায় উন্নয়ন প্রকল্পের আওতায় ১৪৩৩-১৪৩৮ বঙ্গাব্দ মেয়াদে কুষ্টিয়া জেলার ০৩ (তিন)টি জলমহাল ইজারা প্রদানের বিষয়ে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

“উন্নয়ন প্রকল্পের আওতায় ১৪৩৩-১৪৩৮ বঙ্গাব্দ মেয়াদে জলমহাল ইজারার জন্য প্রাপ্ত আবেদনসমূহের মধ্যে কুষ্টিয়া জেলার প্রেরিত ০৩(তিন)টি জলমহালের প্রস্তাব এবং এ মন্ত্রণালয়ে প্রস্তাবসমূহের বিরুদ্ধে দাখিলকৃত বিভিন্ন অভিযোগসমূহ পুনরায় যাচাই-বাছাইপূর্বক জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় মাননীয় সংসদ সদস্যদের উপস্থিতিতে পর্যালোচনাপূর্বক মতামত ও সুপারিশসহ বিস্তারিত প্রতিবেদন আগামী ১৫ কার্যদিবসের মধ্যে প্রেরণের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসককে অনুরোধের সিদ্ধান্ত গৃহীত হলো।”

২। সরকারি জলমহাল ইজারা প্রদান সংক্রান্ত কমিটির ৯০(নব্বই)তম সভায় গৃহীত সিদ্ধান্তের আলোকে কুষ্টিয়া জেলার উন্নয়ন প্রকল্পের আওতায় ১৪৩৩-১৪৩৮ বঙ্গাব্দ মেয়াদে নিম্নে বর্ণিত ছকে উল্লিখিত প্রস্তাবসমূহ পুনরায় যাচাই-বাছাইয়ের নিমিত্ত প্রেরণ করা হলো।

কুষ্টিয়া জেলা ভিত্তিক জলমহালসমূহের বিপরীতে ডিও পত্র/আবেদন/অভিযোগ সংশ্লিষ্ট তথ্যাদি				
ক্র:নং	জলমহালের নাম ও অবস্থান	আবেদনকারী নাম ও ঠিকানা	আবেদনের তারিখ ও ফর্দ সংখ্যা	মন্তব্য
১.	সাঁওতা-নগর-সাঁওতা (বদ্ধ) জলমহাল উপজেলা-কুমারখালী, জেলা- কুষ্টিয়া	_____	_____	কোনো অভিযোগ পাওয়া যায়নি
২.	হিসনা (বদ্ধ) জলমহাল (হরিশংকরা, মহাদেবপুর, মথুরাপুর) উপজেলা-দৌলতপুর, জেলা- কুষ্টিয়া	_____	_____	কোনো অভিযোগ পাওয়া যায়নি
৩.	ঝুটিয়াডাঙ্গা-পাংগাশিয়া (বদ্ধ) জলমহাল উপজেলা-মিরপুর, জেলা- কুষ্টিয়া	_____	_____	কোনো অভিযোগ পাওয়া যায়নি

৩। বর্ণিতাবস্থায়, সরকারি জলমহাল ইজারা প্রদান সংক্রান্ত কমিটির ৯০(নব্বই)তম সভায় গৃহীত সিদ্ধান্তের আলোকে দ্রুত কার্যক্রম গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

জেলা প্রশাসক
কুষ্টিয়া।

স্বাক্ষরিত

মো: রুহুল আমীন
উপসচিব

ফোন+৮৮-০২-৫৫১০১২৩১
e-mail:sairat1@minland.gov.bd

চলমান পাতা-২


পাতা-২

স্মারক নম্বর-৩১.০০.০০০০.০০০.০৫০.৬৮.০০১১.২৬.৩০৬/(১৮)

তারিখ: ২৩ বৈশাখ ১৪৩৩
০৬ মে ২০২৬

অনুলিপি সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
২. যুগ্মসচিব (সায়রাত অনুবিভাগ), ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৪. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৫. সিস্টেম এনালিস্ট, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ভূমি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬. সিনিয়র সচিবের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭. জনসংযোগ কর্মকর্তা, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. অফিস কপি/মাষ্টার কপি।



মো: রুহুল আমীন
উপসচিব